

অধ্যায়  
০২


## গুণগত রসায়ন

◆ HSC বোর্ড পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ গাণিতিক টাইপসমূহ:

গুরুত্ব	গাণিতিক টাইপ	HSC বোর্ড পরীক্ষায় যে বছরে প্রশ্ন এসেছে	
		MCQ	CQ
☆☆	Type-01: পরমাণু ও তার মূল কণিকা	DB'22; RB'22; Din.B'22 19; JB'17	-
☆☆☆	Type-02: পরমাণু মডেল ও কোয়ান্টাম বলবিদ্যা	BB'22; CB'22; MB'22; DB'21; CB'21; BB'19, 17	Ctg.B'17; BB'17
☆☆☆	Type-03: কোয়ান্টাম সংখ্যা ও ইলেকট্রন বিন্যাস	DB'22,21,19,17; RB'22,21; Ctg.B'21,19,17; SB'21,17; BB'21; JB'19; CB'22,21; Din.B'21,17; MB'22	DB'22; SB'22; MB'22; BB'21; JB'21; Din.B'21,17; All B'18
☆☆☆	Type-04: তড়িৎ চৌম্বকীয় বর্ণালি	SB'22,21; CB'22,17; Din.B'22; Ctg.B'21; JB'21	RB'22; Ctg.B'22,21; SB'22, BB'22; JB'22; CB'22; MB'22; Din.B'17
☆☆☆	Type-05: দ্রাব্যতা ও দ্রাব্যতা গুণফল	DB'22,21,19,17; RB'22,19, 21,17; Ctg.B'22,21,19; SB'22,17; BB'22; MB'22,21; JB'19,17; All B'18; CB'17	DB'22,21; Ctg.B'22,19; RB'22,19; BB'22; JB'22,21; Din.B'22,17, MB'22; CB'19

## Type-01: পরমাণু ও তার মূল কণিকা সংক্রান্ত সমস্যা

◆ পরমাণুর মৌলিক কণিকা:



◆ স্থায়ী মূল কণিকা:

কণা	প্রতীক	ভর (g)	চার্জ (Coulomb)	আপেক্ষিক চার্জ	অবস্থান
(i) ইলেকট্রন	e	$9.1 \times 10^{-28}$	$-1.6 \times 10^{-19}$	-1	কক্ষপথে (নিউক্লিয়াসের বাইরে)
(ii) প্রোটন	p	$1.673 \times 10^{-24}$	$+1.6 \times 10^{-19}$	+1	নিউক্লিয়াসে (নিউক্লিয়ন)
(iii) নিউট্রন	n	$1.675 \times 10^{-24}$	0	0	নিউক্লিয়াসে (নিউক্লিয়ন)

## ◆ আইসোটোপ, আইসোটোন ও আইসোবার:

রাশি	প্রোটন সংখ্যা (Z)	নিউট্রন সংখ্যা (Z-A)	ভর সংখ্যা (A)	পর্যায় সারণিতে অবস্থান	মৌলের পরমাণু	ভৌত ও রাসায়নিক ধর্ম	উদাহরণ
আইসোটোপ	সমান	ভিন্ন	ভিন্ন	একই	একই	ভিন্ন	${}^1_1\text{H}$ , ${}^2_1\text{H}$ , ${}^3_1\text{H}$
আইসোটোন	ভিন্ন	সমান	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	${}^{30}_{14}\text{Si}$ , ${}^{31}_{15}\text{P}$
আইসোবার	ভিন্ন	ভিন্ন	সমান	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	${}^{64}_{29}\text{Cu}$ , ${}^{64}_{30}\text{Zn}$
আইসো-ইলেকট্রনিক	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	ভিন্ন	$\text{Na}^+$ , $\text{Mg}^{2+}$ ও $\text{Al}^{3+}$
আইসোমার	একই	একই	একই	একই	একই	ভিন্ন	${}^{82}_{35}\text{Br}$ , ${}^{82}_{35}\text{Br}$

## ◆ পারমাণবিক ভর, আপেক্ষিক পারমাণবিক ভর:

- কার্বন স্কেল অনুসারে, মৌলের আপেক্ষিক পারমাণবিক ভর =  $\frac{\text{মৌলের 1 টি পরমাণুর ভর}}{\text{'C-12' এর 1 টি পরমাণুর ভর} \times \frac{1}{12}} = \frac{\text{মৌলের 1 টি পরমাণুর ভর (g)}}{1.66 \times 10^{-24} \text{ (g)}}$
- আপেক্ষিক পারমাণবিক ভর একটি অনুপাত হওয়ায় এর কোন একক নেই।
- পরমাণুর ভরের একক আছে। a.m.u (atomic mass unit) মূলত পরমাণুর ভরের একক।  $1 \text{amu} = 1.6605 \times 10^{-24} \text{g}$ ।
- সুতরাং যদি কোন মৌলের তিনটি আইসোটোপের আপেক্ষিক প্রাচুর্য যথাক্রমে a%, b% ও c% হয় এবং প্রত্যেক আইসোটোপের একটি পরমাণুর ভর যথাক্রমে  $M_1$  a.m.u.,  $M_2$  a.m.u. ও  $M_3$  a.m.u. হয় তবে ঐ মৌলের একটি পরমাণুর গড় ভর =  $\frac{aM_1 + bM_2 + cM_3}{100}$  a.m.u. হবে এবং সেই মৌলের আপেক্ষিক পারমাণবিক ভরও তাই হবে।

## গাণিতিক MCQ প্রশ্ন ও সমাধান

01. আইসোটোনের উদাহরণ কোনটি? [RB, JB'22]  
 (a)  ${}^{14}_6\text{C}$ ,  ${}^{16}_8\text{O}$  (b)  ${}^{14}_6\text{C}$ ,  ${}^{14}_7\text{N}$   
 (c)  ${}^3_1\text{H}$ ,  ${}^2_1\text{H}$  (d)  ${}^{13}_6\text{C}$ ,  ${}^{17}_8\text{O}$   
 সমাধান: (a); আইসোটোন: নিউট্রন সংখ্যা সমান
02. কোন সেটটির ইলেকট্রন সংখ্যা সমান? [Din.B'22] [Ans: d]  
 (a)  $\text{Na}^+$ ,  $\text{Ca}^{2+}$ ,  $\text{Sc}^{3+}$ ,  $\text{F}^-$  (b)  $\text{K}^+$ ,  $\text{Cl}^-$ ,  $\text{Mg}^{2+}$ ,  $\text{Sc}^{3+}$   
 (c)  $\text{Na}^+$ ,  $\text{Mg}^{2+}$ ,  $\text{Al}^{3+}$ ,  $\text{Cl}^-$  (d)  $\text{K}^+$ ,  $\text{Ca}^{2+}$ ,  $\text{Sc}^{3+}$ ,  $\text{Cl}^-$
03.  ${}^{30}_{14}\text{Si}$ ,  ${}^{31}_{15}\text{P}$  এবং  ${}^{32}_{16}\text{S}$  পরস্পরের- [Din.B'22] [Ans: a]  
 (a) আইসোটোন (b) আইসোটোপ  
 (c) আইসোমার (d) আইসোবার
04. কোন সেটটি পরস্পর আইসোটোন? [Din.B'19] [Ans: a]  
 (a)  ${}^{30}_{14}\text{Si}$ ,  ${}^{32}_{16}\text{S}$  (b)  ${}^{31}_{15}\text{Si}$ ,  ${}^{33}_{16}\text{S}$   
 (c)  ${}^{14}_7\text{N}$ ,  ${}^{16}_8\text{O}$  (d)  ${}^2_1\text{H}$ ,  ${}^4_2\text{He}$

## Type-02: পরমাণু মডেল ও কোয়ান্টাম বলবিদ্যা সংক্রান্ত সমস্যা

## ◆ প্লাঙ্কের কোয়ান্টাম তত্ত্ব:

একটি ফোটনের শক্তি,  $E = hf = h \cdot \frac{c}{\lambda}$

এখানে, h = প্লাঙ্কের ধ্রুবক =  $6.626 \times 10^{-34} \text{Js} = 6.626 \times 10^{-27} \text{erg.s}$  [1Js =  $10^7 \text{erg.s}$ ]

c = আলোর বেগ, f = বিকিরণের কম্পাঙ্ক,  $\lambda$  = তরঙ্গদৈর্ঘ্য।

➤ বোর কক্ষপথে ইলেকট্রন এর কৌণিক ভরবেগ,  $mv_n r_n = n \cdot \frac{h}{2\pi}$  (n = 1, 2, 3, ...)

◆ শক্তি, বেগ ও ব্যাসার্ধ নির্ণয়:

➤ গতিশক্তি =  $E_k = -E_n$ ;  $E_p =$  বিভবশক্তি =  $2E_n = -2E_k$  এবং বোর কক্ষপথের মোট শক্তি =  $-\frac{me^4}{8h^2\epsilon_0^2} \times \frac{z^2}{n^2}$ ; [MKS এ]

➤ বোর কক্ষপথে ইলেকট্রন এর বেগ,  $v_n = \frac{\sqrt{z}e}{\sqrt{4\pi\epsilon_0 m r_n}} = \frac{e^2}{2h\epsilon_0} \times \frac{z}{n}$ ; [MKS এ]

➤ বোর কক্ষপথের ব্যাসার্ধ,  $r_n = \frac{\epsilon_0 h^2}{\pi m e^2} \times \frac{n^2}{z}$  [MKS এ]

◆ ধ্রুবকগুলোর মান বসিয়ে বিকল্প পদ্ধতিতে শক্তি, বেগ ও ব্যাসার্ধ নির্ণয়:

➤ n তম কক্ষপথের ইলেকট্রনের শক্তি,  $E_n = -2.18 \times 10^{-18} \times \frac{z^2}{n^2}$  J

➤ n তম কক্ষপথের ইলেকট্রনের বেগ,  $V_n = 2.19 \times 10^6 \times \frac{z}{n}$  ms<sup>-1</sup>

➤ n তম কক্ষপথের ব্যাসার্ধ,  $r_n = 5.29 \times 10^{-11} \times \frac{n^2}{z}$  m

[বি.দ্র.: Written ও MCQ তে ব্যবহার করা যাবে।]

বোর স্বীকার্য: নীলস বোরের পরমাণু মডেলের প্রস্তাবনা অনুযায়ী, কক্ষপথে ইলেকট্রনের কৌণিক ভরবেগ,

$$L = mvr = \frac{nh}{2\pi}; \text{ এখানে, } h = \text{প্লান্কের ধ্রুবক।}$$

বাহ্যিক শক্তি প্রযুক্ত হলে ঐ শক্তি শোষণ করে ইলেকট্রন নিম্ন শক্তিস্তর থেকে উচ্চ শক্তিস্তরে উন্নীত হয়। নিম্ন শক্তিস্তরের শক্তি  $E_1$  এবং উচ্চ শক্তিস্তরের শক্তি  $E_2$  হলে ইলেকট্রন কর্তৃক শোষিত শক্তি,  $\Delta E = E_2 - E_1 = hv$ ।

◆ ডি-ব্রগলির সমীকরণ:

১৯২৪ সালে বিজ্ঞানী লুই ডি-ব্রগলী মত প্রকাশ করেন যে, ইলেকট্রন এর কণা ও তরঙ্গ উভয় ধর্মই বিদ্যমান।

প্লান্কের সমীকরণ অনুসারে, ফোটনের শক্তি,  $E = hv$

অপরদিকে, আইনস্টাইনের ভরশক্তি সমীকরণ অনুসারে,  $E = mc^2$

এখানে, m = সমতুল্য কণার আপেক্ষিক ভর, c = আলোর বেগ।

$$\text{সুতরাং, } mc^2 = hv = h \cdot \frac{c}{\lambda} \Rightarrow mc = \frac{h}{\lambda}$$

∴ ফোটনের সমতুল্য গতিশীল ভর = m, সরল গতিবেগ = c ∴ ফোটনের ভরবেগ,  $mc = \frac{h}{\lambda}$

ডি-ব্রগলির মতে, সকল চলমান বস্তুকণার সাথেও এক ধরনের তরঙ্গ জড়িত থাকে।

$$\text{চলমান বস্তুকণার ভরবেগ, } p = mv \text{ হলে } mv = \frac{h}{\lambda} \therefore \lambda = \frac{h}{mv} = \frac{h}{p}$$

অর্থাৎ চলমান বস্তুকণার তরঙ্গ ধর্ম ( $\lambda$ ) =  $\frac{\text{ধ্রুবক (h)}}{\text{বস্তুর কণা ধর্ম (mv)}}$  [∴  $\lambda \propto \frac{1}{p}$  অর্থাৎ, তরঙ্গ ধর্ম  $\propto \frac{1}{\text{কণা ধর্ম}}$ ] এটিই ডি-ব্রগলির সমীকরণ নামে পরিচিত।

খেয়াল কর এখানে ভরবেগ বলতে ইলেকট্রনের আপেক্ষিক ভরবেগ বোঝানো হয়েছে।


যেহেতু, চিত্রটিতে ঘূর্ণায়মান ইলেকট্রন 5 টি পূর্ণ তরঙ্গ সম্পন্ন করেছে, সেহেতু, এটি 5 তম কক্ষপথ।

◆ e<sup>-</sup> এর তরঙ্গ ধর্মের ব্যাখ্যা:

ডি ব্রগলির মতবাদ অনুসারে, ইলেকট্রন তরঙ্গরূপে নিউক্লিয়াসের চারদিকে বৃত্তাকার পথে চলে। তখন n তম কক্ষপথের r<sub>n</sub> ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধিটি ইলেকট্রনের তরঙ্গদৈর্ঘ্য ( $\lambda$ ) এর পূর্ণসংখ্যার (n) গুণিতক হতে হবে।

$$\text{অর্থাৎ, } 2\pi r_n = n\lambda = \frac{n \times h}{mv}; \therefore \lambda = \frac{h}{mv} \therefore mvr_n = \frac{n \times h}{2\pi}$$

এখানে mvr = আবর্তনশীল ইলেকট্রনের কৌণিক ভরবেগ যা  $\frac{h}{2\pi}$  এর পূর্ণ সংখ্যার গুণিতক।



## ◆ শ্রোডিঞ্জারের তরঙ্গ সমীকরণ:

$$\text{শ্রোডিঞ্জারের তরঙ্গ সমীকরণটি হলো, } \frac{\partial^2 \Psi}{\partial x^2} + \frac{\partial^2 \Psi}{\partial y^2} + \frac{\partial^2 \Psi}{\partial z^2} + \frac{8\pi^2 m}{h^2} (E - U) \Psi = 0$$

এখানে,  $\Psi = x, y, z$  তলে তরঙ্গের বিস্তার;  $E =$  কণার মোট শক্তি;  $U =$  কণায় সঞ্চিত বিভব শক্তি;  $m =$  কণার ভর,  $\Psi^2 =$  ইলেকট্রন পাবার সম্ভবনা (orbital)।

## ◆ বিবিধ সূত্র:

(i) ইলেকট্রন এর কৌণিক ভরবেগ,  $mvr = \frac{nh}{2\pi}$  ( $n = 1, 2, 3, \dots$ ); [ বোরের স্বীকার্য]

(ii) আইনস্টাইনের ভর-শক্তি সমীকরণ,  $E = mc^2$

(iii) ডি-ব্রগলির তরঙ্গ সমীকরণ,  $\lambda = \frac{h}{mv} = \frac{h}{p}$ ; [ $p = mv =$  আপেক্ষিক ভরবেগ]

(iv) একটি মৌলের তিনটি আইসোটোপের আপেক্ষিক প্রাচুর্য যথাক্রমে  $a\%$ ,  $b\%$ ,  $c\%$  এবং পারমাণবিক ভর  $m_1, m_2, m_3$  হলে, গড় পারমাণবিক ভর  $= \frac{(am_1 + bm_2 + cm_3)}{100}$  amu

## গাণিতিক MCQ প্রশ্ন ও সমাধান

01. স্বাভাবিক অবস্থায় হাইড্রোজেন পরমাণুর আবর্তনশীল ইলেকট্রনের কৌণিক ভরবেগ কত? [BB'22]

- (a)  $1.05 \times 10^{-34}$  Js      (b)  $2.11 \times 10^{-34}$  Js  
(c)  $3.16 \times 10^{-34}$  Js      (d)  $4.22 \times 10^{-34}$  Js

সমাধান: (a);  $L = \frac{nh}{2\pi} = \frac{1 \times 6.63 \times 10^{-34}}{2\pi}$   
 $= 1.05 \times 10^{-34}$  Js

02. H-পরমাণুর ৪র্থ কক্ষপথের ব্যাসার্ধ  $7.5 \times 10^{-10}$  m হলে, ঐ কক্ষে ইলেকট্রনটির গতিবেগ কত? [CB'22]

[ইলেকট্রনের ভর  $= 9.1 \times 10^{-31}$  kg]

- (a)  $4.5982 \times 10^5$  ms<sup>-1</sup>  
(b)  $5.9482 \times 10^5$  ms<sup>-1</sup>  
(c)  $6.1805 \times 10^5$  ms<sup>-1</sup>  
(d)  $7.4805 \times 10^5$  ms<sup>-1</sup>

সমাধান: (c);  $mvr = \frac{nh}{2\pi} \therefore v = \frac{nh}{2\pi mr}$   
 $= \frac{4 \times 6.63 \times 10^{-34}}{2\pi \times 9.11 \times 10^{-31} \times 7.5 \times 10^{-10}} = 6.18 \times 10^5$  ms<sup>-1</sup>

03. বোরনের শেষ ইলেকট্রনের কৌণিক ভরবেগ কত?

[MB'22, D.B'21]

- (a)  $\frac{h}{2\pi}$       (b)  $\frac{2h}{\pi}$       (c)  $\frac{n}{2\pi}$       (d)  $\frac{h}{\pi}$

সমাধান: (d);  $n = 2$ ;  $L = \frac{nh}{2\pi} = \frac{2 \times h}{2 \times \pi} = \frac{h}{\pi}$

04. বোর পরমাণু মডেল ব্যাখ্যা করতে পারে- [CB.21]

- (i) Li<sup>+</sup> আয়নের বর্ণালি  
(ii) আবর্তনশীল ইলেক্ট্রনের শক্তি শোষণ ও বিকিরণ  
(iii) ইলেকট্রনের কৌণিক ভরবেগ  $= \frac{nh}{2\pi}$

নিচের কোনটি সঠিক?

- (a) i, ii      (b) i, iii      (c) ii, iii      (d) i, ii, iii

সমাধান (c); বোর পরমাণু মডেল কেবলমাত্র ১টি ইলেকট্রন বিশিষ্ট পরমাণুর ক্ষেত্রে প্রযোজ্য।

05. হাইড্রোজেন পরমাণুর বর্ণালিতে প্যাশ্চেন সিরিজের জন্য সর্বোচ্চ তরঙ্গ সংখ্যা কত? [B.B'19]

- (a)  $\frac{RH}{9}$       (b)  $\frac{5}{36RH}$       (c)  $\frac{7}{144RH}$       (d)  $\frac{144}{7H}$

সমাধান: (a);  $\frac{1}{\lambda} = R_H \left( \frac{1}{3^2} - \frac{1}{\infty^2} \right) = \frac{RH}{9}$


[প্যাশ্চেন সিরিজের জন্য  $n = 3$ ]

06. পরমাণুর ২য় কক্ষপথের একটি ইলেকট্রনের জন্য কৌণিক ভরবেগের মান নির্ণয়ের সমীকরণ- [BB'17]

- (a)  $mvr = 2h\pi$       (b)  $mvr = h2\pi$   
(c)  $mvr = \frac{h}{\pi}$       (d)  $mvr = 4h\pi$

সমাধান: (c);  $mvr = \frac{nh}{2\pi} = \frac{2h}{2\pi} = \frac{h}{\pi}$

## গাণিতিক CQ প্রশ্ন ও সমাধান



[Ctg.B'17]

(গ) উদ্দীপকের ইলেকট্রনের কৌণিক ভরবেগ কত নির্ণয় কর।

## সমাধান

গ. কৌণিক ভরবেগের সূত্র অনুসারে আমরা জানি,  $mvr = \frac{nh}{2\pi} \dots \dots \dots$  (i)


অর্থাৎ কৌণিক ভরবেগের মান  $\frac{nh}{2\pi}$  এর অখণ্ড- গুণিতকের সমানুপাতিক।

যেখানে,  $n$  = প্রধান শক্তিস্তরের সংখ্যা;  $h$  = প্ল্যাঙ্কের ধ্রুবক

অর্থাৎ  $mvr = \frac{nh}{2\pi}$  যেখানে  $n = 0, 1, 2, 3 \dots \dots$

এখানে electron টি ১ম শক্তিস্তরে অবস্থিত বিধায়,

(i) নং সমীকরণে  $n = 1$  বসিয়ে পাই,  $mvr =$  কৌণিক ভরবেগ  $= \frac{h}{2\pi} = \frac{6.626 \times 10^{-34} \text{Js}}{2\pi} = 1.05 \times 10^{-34} \text{Js}$



[BB'17]

(ঘ) উদ্দীপকের মডেলটি যদি হাইড্রোজেন পরমাণুর হয় তাহলে ইলেকট্রনটির ধাপান্তরে শোষিত শক্তি হিসাব করে তার কম্পাঙ্ক নির্ণয় কর।

## সমাধান

ঘ. এখানে, ইলেকট্রন ১ম শক্তিস্তর থেকে ৩য় শক্তিস্তরে যায়। অর্থাৎ,  $n_1 = 1$ ;  $n_2 = 3$

আমরা জানি,  $\frac{1}{\lambda} = R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) = 1.09678 \times 10^7 \left( \frac{1}{1^2} - \frac{1}{3^2} \right) = 9.749 \times 10^6$

$\therefore$  শোষিত শক্তি  $= \frac{hc}{\lambda} = 6.634 \times 10^{-34} \times 3 \times 10^8 \times 9.749 \times 10^6 = 1.94 \times 10^{-18} \text{ J}$

$\therefore f = \frac{c}{\lambda} = 3 \times 10^8 \times 9.749 \times 10^6 = 2.92 \times 10^{15} \text{ Hz}$

## Type-03: কোয়ান্টাম সংখ্যা ও ইলেকট্রন বিন্যাস সংক্রান্ত সমস্যা

## ◆ কোয়ান্টাম সংখ্যা:

যে সংখ্যা দ্বারা পরমাণুতে ইলেকট্রনসমূহ নিউক্লিয়াসকে কেন্দ্র করে কোন শক্তিস্তরে ঘূর্ণায়মান, শক্তিস্তরের আকার ও আকৃতি, উপশক্তিস্তরের ত্রিমাত্রিক দিকবিন্যাস এবং উপশক্তিস্তরে ইলেকট্রনের ঘূর্ণন সম্পর্কে জানা যায় তাকে কোয়ান্টাম সংখ্যা বলে।

## ◆ একনজরে চারটি কোয়ান্টাম সংখ্যা:

কোয়ান্টাম সংখ্যা	আবিষ্কারক	মান	তাৎপর্য
প্রধান কোয়ান্টাম সংখ্যা ( $n$ )	বোর	$n = 1, 2, 3, \dots \dots \dots$ ইত্যাদি।	প্রধান কোয়ান্টাম সংখ্যার সাহায্যে প্রধান শক্তিস্তরের আকার সম্পর্কে অবগত হওয়া যায়।
সহকারী কোয়ান্টাম সংখ্যা ( $l$ )	সমারফিল্ড	$n$ এর যেকোনো মানের জন্য $l$ এর মান 0 থেকে $(n - 1)$ পর্যন্ত হতে পারে।	ইলেকট্রন যে উপকক্ষে ঘুরছে তার আকৃতি সহকারী কোয়ান্টাম সংখ্যার সাহায্যে জানা যায়।

কোয়ান্টাম সংখ্যা	আবিষ্কারক	মান	তাৎপর্য
চৌম্বকীয় কোয়ান্টাম সংখ্যা (m)	জিম্যান	l এর যেকোনো মানের জন্য m এর মান 0 সহ +l থেকে -l পর্যন্ত হয়।	এই কোয়ান্টাম সংখ্যার সাহায্যে ইলেকট্রনটি যে উপক্ষেপে রয়েছে সে উপক্ষেপটি ত্রিমাত্রিকভাবে কীরূপে বিন্যস্ত রয়েছে তা জানা সম্ভব।
ঘূর্ণন কোয়ান্টাম সংখ্যা (s)	উলেন বেক ও গুল্ড সিংহ	m এর প্রতিটি মানের জন্য s-এর মান $+\frac{1}{2}$ ও $-\frac{1}{2}$ হয়।	ইলেকট্রনের ঘূর্ণনের প্রকৃতি ও দিক এ কোয়ান্টাম সংখ্যার সাহায্যে জানা যায়।

◆ আউফবাউ নীতি:

“পরমাণুতে বিদ্যমান ইলেকট্রনগুলো প্রথমে সর্বনিম্ন শক্তিসম্পন্ন অরবিটাল পূর্ণ করবে এবং পরে ক্রমাগত উচ্চতর শক্তিসম্পন্ন অরবিটাল পূর্ণ করতে থাকবে।”

◆ হুন্ডের নীতি:

“সমশক্তিসম্পন্ন অরবিটালগুলোতে ইলেকট্রনের প্রবেশের সময় যতক্ষণ পর্যন্ত অরবিটাল খালি থাকবে ততক্ষণ পর্যন্ত ইলেকট্রনগুলো অযুগ্মভাবে অরবিটালে প্রবেশ করবে এবং এ অযুগ্ম ইলেকট্রনগুলোর স্পিন একমুখী হবে।”

◆ পলির বর্জন নীতি:

একই পরমাণুতে যে কোনো দুটি ইলেকট্রনের চারটি কোয়ান্টাম সংখ্যার মান কখনও একই হতে পারে না।

গাণিতিক MCQ প্রশ্ন ও সমাধান

01. কোন পরমাণুর চতুর্থ শক্তিস্তরে কতটি উপশক্তিস্তর থাকে?  
(a) 2 (b) 3 [DB'22]  
(c) 4 (d) 5

সমাধান: (c); n = 4 হলে l = 0, 1, 2, 3 অর্থাৎ  
উপশক্তিস্তর 4s, 4p, 4d, 4f (মোট 4টি)

02.  $M^{3+}$  আয়নে 23টি ইলেকট্রন থাকলে M এর পারমাণবিক সংখ্যা কত?  
(a) 23 (b) 24 (c) 25 (d) 26 [RB'22]

সমাধান: (d); ইলেকট্রন সংখ্যা =  
পারমাণবিক সংখ্যা - ( $\pm$  চার্জ সংখ্যা)  
পারমাণবিক সংখ্যা =  $e^-$  সংখ্যা + ( $\pm$  চার্জ সংখ্যা)  
= 23 + (+3) = 26

03. পটাশিয়াম এর সর্ববহিস্থ ইলেকট্রনের জন্য কোন সেটটি সঠিক?  
[Din.B'22]

- (a) n = 4, l = 2, m = +2, s =  $-\frac{1}{2}$   
(b) n = 3, l = 2, m = -1, s =  $+\frac{1}{2}$   
(c) n = 3, l = 1, m = +1, s =  $-\frac{1}{2}$   
(d) n = 4, l = 0, m = 0, s =  $+\frac{1}{2}$

সমাধান: (d);  $_{19}K: 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^1$



$e_{19}$  এর জন্য,  $\frac{n}{4}, \frac{l}{0}, \frac{m}{0}, \frac{s}{+\frac{1}{2}}$

04. 3d অরবিটালের জন্য m এর মান কোন সেট হবে?

- (a) 0 (b) -1, 0, +1 [MB'22]  
(c) -2, -1, 0, +1, +2 (d) -3, -2, -1, 0, +1, +2, +3

সমাধান: (c); 3d অরবিটালের জন্য,

$$\frac{n}{3} \frac{l}{2} \frac{m}{-2, -1, 0, +1, +2}$$

05. p- উপস্তরের জন্য [MB'22]

- (i) l = 1 (ii) m = -1, 0, +1 (iii) অরবিটাল সংখ্যা 2  
নিচের কোনটি সঠিক?

- (a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

সমাধান: (a); অরবিটাল সংখ্যা 3 টি।

06. কোনটিতে ইলেকট্রন আগে প্রবেশ করবে? [DB'21]

- (a) 6p (b) 5d (c) 4f (d) 7s

সমাধান (c); n + l অনুসারে 4f > 5d > 6p > 7s

07. 4f অরবিটালের (n + l) এর মান কত? [RB'21]

- (a) 4 (b) 6 (c) 7 (d) 11

সমাধান (c); n = 4; l = 3

08. কোনো শক্তি স্তরে অরবিটাল সংখ্যা নির্ণয়ের সূত্র—

- (a) 2(2n + 1) (b) 2n + 1 [Ctg.B'21]  
(c) 2n<sup>2</sup> (d) n<sup>2</sup>

সমাধান (c); যেকোনো প্রধান শক্তিস্তরের সর্বাধিক ইলেকট্রন ধারণ ক্ষমতা হলো 2n<sup>2</sup>।



09. অর্বিটালসমূহের সঠিক শক্তির ক্রম কোনটি? [B.B.'21]  
 (a)  $3s < 3d < 4p$  (b)  $3d < 3s < 4p$   
 (c)  $4p < 3s < 3d$  (d)  $3s < 4p < 3d$   
 সমাধান: (a);  $n+1$  নীতি অনুসারে  $3 + 0 < 3 + 2 < 4 + 1$   
 $[\because 4p$  এর  $n$  এর মান বৃহত্তর।]

10.  $^{28}\text{Ni}$  এর কতগুলো ইলেকট্রনের ক্ষেত্রে  $(n+1) = 4$  হয়? [DB'19] [Ans: d]  
 (a) 3 (b) 6 (c) 7 (d) 8

11. সহকারী কোয়ান্টাম সংখ্যার মান যখন 2 তখন  $m$  এর মান কতটি? [Ctg.B'17] [Ans: d]  
 (a) 2 (b) 3 (c) 4 (d) 5

12. ক্রোমিয়াম পরমাণুতে অযুগ্ম ইলেকট্রনের সংখ্যা কত? [DB'22]  
 (a) 8 (b) 6 (c) 5 (d) 3

সমাধান: (b);  $\text{Cr}(24): 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$

3d				4s
1	1	1	1	1

অযুগ্ম ইলেকট্রন সংখ্যা = 6

13. 3d অর্বিটালের পরে কোনটিতে ইলেকট্রন প্রবেশ করবে? [CB'22]  
 (a) 4p (b) 4d  
 (c) 4s (d) 5s

সমাধান: (a);

অর্বিটাল	$n+1$
3d	$3+2=5$
4p	$4+1=5$
4d	$4+2=6$
4s	$4+0=4$
5s	$5+0=5$

আউফবাউ নীতি অনুযায়ী, 3d এর পর 4p অর্বিটালে ইলেকট্রন প্রবেশ করবে।

14. সর্ববহিস্তরের d-অর্বিটালের জন্য প্রযোজ্য কোনটি? [SB'21] [Ans: c]  
 (a)  $n=1, l=0$  (b)  $n=2, l=1$   
 (c)  $n=3, l=2$  (d)  $n=4, l=3$

15.  $l=2$  হলে উপস্তর কোনটি? [BB'21]  
 (a) s-উপস্তর (b) p-উপস্তর (c) d-উপস্তর (d) f-উপস্তর  
 সমাধান: (c);  $l=0 \rightarrow s$ ;  $l=1 \rightarrow p$ ;  
 $l=2 \rightarrow d$ ;  $l=3 \rightarrow f$

16. কোনো ইলেকট্রনের জন্য কোয়ান্টাম সংখ্যার কোন সেটটি গ্রহণযোগ্য? [CB'21] [Ans: c]  
 (a)  $(1, 1, 1, +\frac{1}{2})$  (b)  $(2, 0, 1, +\frac{1}{2})$   
 (c)  $(4, 2, -1, -\frac{1}{2})$  (d)  $(3, 1, -2, -\frac{1}{2})$

17. নিচের কোন অর্বিটালটি সম্ভব? [Din.B'21]  
 (a) 1p (b) 4s (c) 3f (d) 2d

সমাধান: (b);  $l$  এর মান  $n$  এর সমান বা বড় হওয়া সম্ভব নয়।  
 $4s$  এ  $n=4, l=0$  তাই  $4s$  সম্ভব।

18. Mg মৌলের সর্ববহিস্ত্র স্তরের ইলেকট্রনের জন্য চারটি কোয়ান্টাম সংখ্যার সঠিক সেট কোনটি? [Ctg.B'19] [Ans: d]

(a)  $n=4, l=0, m=0, s=+\frac{1}{2}, -\frac{1}{2}$

(b)  $n=3, l=1, m=1, s=+\frac{1}{2}, -\frac{1}{2}$

(c)  $n=3, l=0, m=1, s=+\frac{1}{2}, -\frac{1}{2}$

(d)  $n=3, l=0, m=0, s=+\frac{1}{2}, -\frac{1}{2}$

19. পঞ্চম শক্তিস্তরে মোট অর্বিটাল কতটি? [Ctg.B'19]  
 (a) ৫ টি (b) ৯ টি (c) ১৬ টি (d) ২৫ টি

সমাধান: (d); শক্তিস্তর  $n$  হলে অর্বিটাল সংখ্যা =  $n^2$ ,  
 ইলেকট্রন সংখ্যা =  $2n^2$

20.  $l=2$  এবং  $n=3$  হলে, এটি কোন অর্বিটাল নির্দেশ করে? [JB'19] [Ans: c]

(a) 2d (b) 3p (c) 3d (d) 3f

21. কোনটি আউফবাউ নীতি মেনে চলে? [Ctg.B'17]

(a)  $5s > 4p > 4f$  (b)  $3s > 3p > 3d$

(c)  $5s > 4d > 5p$  (d)  $3s > 3p > 5s$

সমাধান: (c);  $5s \rightarrow 5+0=5$ ;

$4d \rightarrow 4+2=6$ ;  $5p \rightarrow 5+1=6$

22. কপারের ১৯তম ইলেকট্রনটি কোন অর্বিটালে প্রবেশ করে? [DB'17] [Ans: b]

(a) 3s (b) 4s (c) 3d (d) 4p

23. পরমাণুর তৃতীয় শক্তিস্তরে মোট অর্বিটাল সংখ্যা কত? [SB'17] [Ans: d]

(a) 3 (b) 4 (c) 8 (d) 9

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

একটি লবণের দ্রবণে ক্ষার যোগ করা হলো। প্রথমে সাদা আঠালো অধঃক্ষেপ পড়লো যা অতিরিক্ত ক্ষারযোগে দ্রবীভূত হয় এবং  $\text{NH}_4\text{Cl}(s)$  সহ তাপ দিলে অধঃক্ষেপ ফিরে আসে।

24. কোনটির ইলেকট্রন বিন্যাস  $\text{Al}^{3+}$  আয়নের ন্যায়?

(a)  $\text{O}^-$  (b)  $\text{F}^-$  [JB'17] [Ans: b]

(c)  $\text{Cl}^-$  (d)  $\text{Mg}^+$


25. উদ্দীপক মতে ক্ষারকীয় মৌলটির সর্বশেষ ইলেকট্রনটির জন্য কোয়ান্টাম সংখ্যার সঠিক সেট কোনটি? [Din.B'17] [Ans: c]

(a)  $3, 0, 0, -\frac{1}{2}$  (b)  $3, 2, -2, -\frac{1}{2}$

(c)  $3, 1, -1, -\frac{1}{2}$  (d)  $3, 2, -1, -\frac{1}{2}$

## গাণিতিক CQ প্রশ্ন ও সমাধান

01.



চিত্র: H পরমাণুর উত্তেজিত অবস্থা


(গ) উদ্দীপকের সর্ববহিঃস্থ শেলের সর্বাধিক ইলেকট্রন ধারণ ক্ষমতা  $l$  ও  $m$  এর মান নির্ণয়পূর্বক হিসাব কর।

[DB'22]

সমাধান

গ.

উদ্দীপকের (i) চিত্রটি নিম্নরূপ:

বহিঃস্তরের জন্য  $n$  এর মান 4।  $n$  এর মান ও এর জন্য অরবিটাল সংখ্যার হিসাব নিম্নরূপ:


$n$	$l$	$m$	অরবিটাল সংখ্যা	ধারণকৃত ইলেকট্রন সংখ্যা
4	0	0	1	2
	1	-1, 0, +1	3	6
	2	-2, -1, 0, +1, +2	5	10
	3	-3, -2, -1, 0, +1, +2, +3	7	14
			মোট = 16	32

অর্থাৎ  $n = 4$  এর জন্য অরবিটাল রয়েছে 16 টিউদ্দীপকের সর্ববহিঃস্থ শেলের সর্বাধিক ইলেকট্রন ধারণ ক্ষমতা হবে =  $16 \times 2 = 32$  টি।

02.

পরমাণুটির মডেল লক্ষ কর:


[MB'22]

(ঘ)  $l$  এবং  $m$  এর মান ব্যবহার করে পরমাণুটির শেষ শক্তিস্তরের মোট ইলেকট্রন সংখ্যা নির্ণয় কর।

সমাধান

ঘ.

উদ্দীপকের চিত্রটি নিম্নরূপ:


বহিঃস্তরের জন্য  $n$  এর মান 3।  $n$  এর মান ও এর জন্য অরবিটাল সংখ্যার হিসাব নিম্নরূপ:

$n$	$l$	$m$	অরবিটাল সংখ্যা	ইলেকট্রন সংখ্যা
3	0	0	1	2
	1	-1, 0, +1	3	6
	2	-2, -1, 0, +1, +2	5	10
			মোট = 9	Total = 18

অর্থাৎ  $n=3$  এর জন্য অরবিটাল রয়েছে 9 টি।উদ্দীপকের সর্ববহিঃস্থ শেলের সর্বাধিক ইলেকট্রন ধারণ ক্ষমতা হবে =  $9 \times 2 = 18$  টি।




03. (i)



[Ctg.B'21]


চিত্র: হাইড্রোজেনের বিকিরণ বর্ণালির উৎস।



(গ) উদ্দীপকে (ii) এ উল্লিখিত ইলেকট্রন বিন্যাসের সর্বশেষ ইলেকট্রন দুটির ক্ষেত্রে পলির বর্জন নীতির প্রয়োগ দেখাও।

সমাধান

গ. পলির বর্জন নীতি হলো একই পরমাণুর যেকোনো দুইটি ইলেকট্রন এর চারটি কোয়ান্টাম সংখ্যার মান কখন ও সমান হতে পারে না।



1L

সর্বশেষ ইলেকট্রন দুটির ১ম টির কোয়ান্টাম সংখ্যার মান,


$n = 3 \quad l = 0 \quad m = 0 \quad s = +\frac{1}{2}$

সর্বশেষ ইলেকট্রনটির কোয়ান্টাম সংখ্যার মান

$n = 3 \quad l = 0 \quad m = 0 \quad s = -\frac{1}{2}$

অতএব, ইলেকট্রন দুটি পলির বর্জন নীতি সমর্থন করে।

04.




[SB'22]

(গ) উদ্দীপকের 'ক' মৌলটির যোজ্যতা স্তরের ইলেকট্রন বিন্যাস হুন্ডের নিয়ম অনুসারে করে সর্বশেষ ইলেকট্রনদ্বয়ের চারটি কোয়ান্টাম সংখ্যার মান হিসাব কর।

সমাধান

গ. উদ্দীপকের 'ক' মৌলটি হলো সালফার (S)


হুন্ডের নিয়মানুসারে ইলেকট্রন বিন্যাস,



সর্বশেষ ইলেকট্রনদ্বয়ের অবস্থান  $3p_z$  ও  $3p_x$  অরবিটালে 15 ও 16 নম্বর ইলেকট্রন এদের চারটি কোয়ান্টাম সংখ্যা হলো:

	n	l	m	s
15 তম ইলেকট্রন	3	1	+1	$+\frac{1}{2}$
16 তম ইলেকট্রন	3	1	-1	$-\frac{1}{2}$



$$\begin{bmatrix} P_x = -1 \\ P_y = 0 \\ P_z = +1 \end{bmatrix}$$
 ধরে



[BB'21]

(গ) B- মৌলের সর্বশেষ ইলেকট্রনের জন্য চারটি কোয়ান্টাম সংখ্যার মান দেখাও।

সমাধান

গ. B এর সর্বশেষ ইলেকট্রনটি  $3d^1$  এ প্রবেশ করে।এবং  $n = 3, l = 2, m = -2, s = +\frac{1}{2}$  (Ans.)

06.

[JB'21]


মৌল	প্রধান কোয়ান্টাম সংখ্যা	সহকারী কোয়ান্টাম সংখ্যা	চৌম্বক কোয়ান্টাম সংখ্যা	স্পিন কোয়ান্টাম সংখ্যা
A	3	0	0	$+\frac{1}{2}$
B	3	0,1	0, 0, +1, -1	$+\frac{1}{2}, +\frac{1}{2}, +\frac{1}{2}, +\frac{1}{2}$ $-\frac{1}{2}, -\frac{1}{2}, -\frac{1}{2}$
C	2	0,1	0, 0, +1, -1	$+\frac{1}{2}, -\frac{1}{2}$

[Note: উদ্দীপকে C এর স্পিন কোয়ান্টাম সংখ্যা দেওয়া আছে দুটি কিন্তু চারটি হবে। C এর স্পিন কোয়ান্টাম সংখ্যা হবে  $+\frac{1}{2}, +\frac{1}{2}, -\frac{1}{2}, +\frac{1}{2}$ ]

(গ) A, B ও C মৌল তিনটি কী কী এবং কেন?

সমাধান

গ. উদ্দীপক হতে,



A এর ইলেকট্রন বিন্যাস  $1s^2 2s^2 2p^6 3s^1 \therefore A$  হলো NaB এর ইলেকট্রন বিন্যাস  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^5 \therefore B$  হলো ClC এর ইলেকট্রন বিন্যাস  $1s^2 2s^2 2p^2$ ; তাই C হলো কার্বন (C)

[Din.B'21]




(গ) A-মৌলের সর্বশেষ ইলেকট্রনের জন্য চারটি কোয়ান্টাম সংখ্যার মান দেখাও।

সমাধান

গ. A-মৌলের সর্বশেষ ইলেকট্রনটি  $3d_{\frac{1}{2}}$  এ প্রবেশ করে।এবং  $n = 3, l = 2, m = 0, s = -\frac{1}{2}$  (Ans.)

08.



[All B'18]

$$R_H = 109678 \text{ cm}^{-1}$$

(গ) উদ্দীপকের সর্বশেষ শক্তিস্তরে অরবিটাল সংখ্যা নির্ণয় কর।



সমাধান

গ. উদ্দীপকের সর্বশেষ শক্তিস্তরের  $n = 4$  এর জন্য অরবিটাল সংখ্যা নিম্নে নির্ণয় করা হল:

প্রধান কোয়ান্টাম সংখ্যা $n$	সহকারী কোয়ান্টাম সংখ্যা, $l$	ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যা, $m$	অরবিটাল সংখ্যা
4	0	0	1
	1	$0, \pm 1$	3
	2	$0, \pm 1, \pm 2$	5
	3	$0, \pm 1, \pm 2, \pm 3$	7

$\therefore$  অরবিটাল সংখ্যা = 16

09.




[DB'17]

(গ) উদ্দীপক I এর বহিঃস্থ স্তরের  $l$  ও  $m$  এর মান হিসাব করে অরবিটাল সংখ্যা নির্ণয় কর।

সমাধান

গ. উদ্দীপকের (i) চিত্রটি নিম্নরূপ:



বহিঃস্থস্তরের জন্য  $n$  এর মান 3।  $n$  এর মান ও এর জন্য অরবিটাল সংখ্যার হিসাব নিম্নরূপ:

$n$	$l$	$m$	মোট অরবিটাল সংখ্যা
3	0	0	1
	1	$-1, 0, 1$	3
	2	$-2, -1, 0, +1, +2$	5
			Total = 9

অর্থাৎ  $n=3$  এর জন্য অরবিটাল রয়েছে 9 টি।

## Type-04: তড়িৎ চৌম্বকীয় বর্ণালি সংক্রান্ত সমস্যা

## ♦ পরমাণুর বর্ণালি সম্পর্কীয় সূত্র ও ব্যাখ্যা:

কোনো ইলেকট্রন পরমাণুর উচ্চ শক্তিস্তর থেকে নিম্ন শক্তিস্তরে Jump করলে সে শক্তি বিকিরণ করে। বোর পরমাণু মডেল অনুসারে সেই বিকিরণের শক্তি,  $\Delta E = hf$ । এই বিকিরণই মূলত পারমাণবিক বর্ণালি।

উল্লেখ্য, বামার সিরিজের জন্য  $n_H$  এর মান 3, 4, 5, 6 হলে প্রাপ্ত রেখাকে যথাক্রমে  $H_\alpha, H_\beta, H_\gamma, H_\delta$  দ্বারা প্রকাশ করা হয়।

$$\bar{\nu} = \frac{1}{\lambda} = R_H \left( \frac{1}{n_L^2} - \frac{1}{n_H^2} \right) z^2$$

সমীকরণটি কেবলমাত্র এক ইলেকট্রন বিশিষ্ট পরমাণু/আয়নের জন্য প্রযোজ্য। যেমন: H, He<sup>+</sup>, Be<sup>3+</sup> ইত্যাদির জন্য প্রযোজ্য।

এখানে,  $\bar{\nu}$  = প্রতি একক দৈর্ঘ্যে তরঙ্গ সংখ্যা;  $\lambda$  = বর্ণালির তরঙ্গদৈর্ঘ্য;  $R_H$  = হাইড্রোজেন পরমাণুর জন্য রিডবার্গ ধ্রুবক;

$R_H = 109678 \text{cm}^{-1}$ ;  $z$  = মৌলের পারমাণবিক সংখ্যা;  $n_L$  = নিম্ন শক্তিস্তর;  $n_H$  = উচ্চ শক্তিস্তর।

পাঁচজন বিজ্ঞানী পাঁচটি ভিন্ন ধরনের বর্ণালির Series এর উল্লেখ করেছেন। প্রত্যেক Series এর জন্য  $n_L$  এর মান নির্দিষ্ট।

সেগুলো হলো-

সিরিজের নাম	$n_L$	$n_H$	পরীক্ষিত বিকিরণ অঞ্চল
Lyman Series	1	2, 3, 4, .....	অতিবেগুনি অঞ্চল
Balmer Series	2	3, 4, 5, .....	দৃশ্যমান অঞ্চল
Paschen Series	3	4, 5, 6, .....	অবলোহিত অঞ্চল
Brackett Series	4	5, 6, 7, .....	অবলোহিত অঞ্চল
Pfund Series	5	6, 7, 8, .....	অবলোহিত অঞ্চল
Humphreys Series	6	7, 8, 9, .....	অবলোহিত অঞ্চল

- সর্বোচ্চ শক্তি বা সর্বোচ্চ কম্পাঙ্ক বা সর্বোচ্চ তরঙ্গসংখ্যা বা সর্বনিম্ন তরঙ্গদৈর্ঘ্যের জন্য,  $n_h = \infty$
- সর্বনিম্ন শক্তি বা সর্বনিম্ন কম্পাঙ্ক বা সর্বনিম্ন তরঙ্গসংখ্যা বা সর্বোচ্চ তরঙ্গদৈর্ঘ্যের জন্য,  $n_h = n_l + 1$
- কোনো সিরিজের  $n$  তম লাইনের জন্য,  $n_h = n_l + n$  তম লাইন

## ♦ বিভিন্ন প্রকার বিকিরণের তরঙ্গদৈর্ঘ্যের সীমা:

Chart-01	Chart-02
বিভিন্ন ধরনের তড়িৎ চৌম্বকীয় বিকিরণের তরঙ্গদৈর্ঘ্য	দৃশ্যমান আলোর মধ্যে বিভিন্ন ধরনের আলোর তরঙ্গদৈর্ঘ্য নিম্নরূপ
মহাজাগতিক রশ্মি: $< 0.0005 \text{ \AA}$	বেগুনি: <b>380 – 424 nm</b>
গামা রশ্মি ( $\gamma$ -ray): $< 0.005 - 1.5 \text{ \AA}$	নীল: <b>424 – 450 nm</b>
রঞ্জন রশ্মি (X-ray): $< 0.1 - 100 \text{ \AA}$	আসমানী: <b>450 – 500 nm</b>
অতিবেগুনি রশ্মি (UV): $< 3800 \text{ \AA}$	সবুজ: <b>500 – 575 nm</b>
দৃশ্যমান আলো (Visible): $3800 \text{ \AA} - 7800 \text{ \AA}$	হলুদ: <b>575 – 590 nm</b>
অবলোহিত (IR) $> 7800 \text{ \AA}$	কমলা: <b>590 – 647 nm</b>
রেডিও ও টেলিভিশনের তরঙ্গদৈর্ঘ্য: $> 2.2 \times 10^6 \text{ \AA}$	লাল: <b>647 – 780 nm</b>

গাণিতিক MCQ প্রশ্ন ও সমাধান

01. H-পরমাণুর বর্ণালির বামার সিরিজের সর্বনিম্ন তরঙ্গ সংখ্যার বিকিরিত রশ্মি কোনটি? [SB'22]

- (a)  $3R_H/4$  (b)  $5R_H/36$   
(c)  $8R_H/9$  (d)  $9R_H/144$

সমাধান: (b); তরঙ্গসংখ্যা  $(1/\lambda)$  সর্বনিম্ন হলে তরঙ্গদৈর্ঘ্য  $(\lambda)$  সর্বোচ্চ 1 শক্তি সর্বনিম্ন।

$$\therefore n_2 = n_1 + 1 = 3; n_1 = 2$$

$$\therefore \frac{1}{\lambda} = R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) = R_H \left( \frac{1}{2^2} - \frac{1}{3^2} \right) = \left( \frac{1}{4} - \frac{1}{9} \right) R_H$$

$$= \frac{9-4}{36} R_H = \frac{5}{36} R_H$$

02. প্যাশ্চেন সিরিজের ক্ষেত্রে নিম্ন শক্তিস্তরের মান কত? [CB'22]  
(a) 5 (b) 4 (c) 3 (d) 2

সমাধান: (c);

সিরিজ	$n_1/n_L$	$n_2/n_H$	বর্ণালি বিকিরণ অঞ্চল
লাইমেন	1	$2 - \infty$	uv
বামার	2	$3 - \infty$	visible
প্যাশ্চেন	3	$4 - \infty$	IR
ব্র্যাকेट	4	$5 - \infty$	IR
ফুন্ড	5	$6 - \infty$	IR
হামফ্রিস	6	$7 - \infty$	IR


03. কোন বর্ণের আলোর শক্তি বেশি? [Din.B'22]

- (a) লাল (b) কমলা (c) বেগুনি (d) নীল

সমাধান: (c);  $E = \frac{hc}{\lambda} \therefore E \propto \frac{1}{\lambda}$

বেগুনি আলোর  $\lambda$  কম।  $\therefore E$  বেশি।

উদ্দীপকের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



04. উদ্দীপকের M বিকিরণটি কোন সিরিজভুক্ত? [Ctg.B'21] [Ans: a]

- (a) লাইম্যান (b) বামার (c) প্যাশ্চেন (d) ব্র্যাকेट

05. উদ্দীপক মতে— [Ctg.B'21]

- (i) M রশ্মিটি U.V অঞ্চলের  
(ii) Y রশ্মির তরঙ্গদৈর্ঘ্য, M অপেক্ষা বড়  
(iii) জাল টাকা শনাক্তকরণে Z রশ্মি ব্যবহৃত হয়  
নিচের কোনটি সঠিক?

- (a) i (b) i ও ii (c) ii ও iii (d) i, ii ও iii

সমাধান: (b); লাইমেন সিরিজে বর্ণালি UV অঞ্চলের (M) বামার সিরিজে বর্ণালি দৃশ্যমান অঞ্চলের (Y) প্যাশ্চেন সিরিজে বর্ণালি IR অঞ্চলের (Z)

06. বামার সিরিজের ২য় লাইনের ক্ষেত্রে n এর মান কত? [JB'21]  
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

সমাধান: (c); এখানে,  $n_1 = 4; n_2 = 2$

07. লাল রশ্মির তরঙ্গদৈর্ঘ্য  $7000\text{\AA}$  হলে এর তরঙ্গ সংখ্যা কত? [SB'17]

- (a)  $1.428 \times 10^{-3} \text{ nm}$  (b)  $14.28 \times 10^3 \text{ cm}^{-1}$   
(c)  $1.428 \times 10^{-3} \text{ m}^{-1}$  (d)  $14.28 \times 10^{-3} \text{ \AA}$


সমাধান: (b);  $\bar{\nu} = \frac{1}{\lambda} = \frac{1}{7000\text{\AA}} = \frac{1}{7 \times 10^{-5} \text{ cm}}$   
 $= 14.28 \times 10^3 \text{ cm}^{-1}$

08. নিচের কোন নিউক্লিয়াসটি NMR সক্রিয়? [CB'17] [Ans: d]

- (a)  $^{16}_8\text{O}$  (b)  $^{12}_6\text{C}$  (c)  $^{32}_{16}\text{S}$  (d)  $^1_1\text{H}$

গাণিতিক CQ প্রশ্ন ও সমাধান

01.



[RB'22]

[N শেল থেকে ইলেকট্রন ধাপান্তরের সময় বিকিরিত রশ্মির ফোটনের শক্তি  $1.45 \times 10^{-18} \text{ J}$ ]

(ঘ) উদ্দীপকের ইলেকট্রনের ধাপান্তরের ফলে বিকিরিত রশ্মির তরঙ্গদৈর্ঘ্যের পার্থক্য নির্ণয় কর।

## সমাধান

ঘ. N শেল থেকে ইলেকট্রন ধাপান্তরের সময় বিকিরিত রশ্মির ফোটনের শক্তি,  $E = 1.45 \times 10^{-18} \text{J}$  উৎপন্ন তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য  $\lambda$  হলে,

$$\text{আমরা জানি, } E = \frac{hc}{\lambda} \Rightarrow \lambda = \frac{hc}{E} \therefore \lambda = \frac{6.63 \times 10^{-34} \times 3 \times 10^8}{1.45 \times 10^{-18}} \text{ m} = 1.37172 \times 10^{-7}$$

$$\text{যদি প্রদত্ত মৌলের পারমাণবিক সংখ্যা} = z \text{ হলে, } \frac{1}{\lambda} = R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) z^2$$

$$\Rightarrow \frac{1}{1.37172 \times 10^{-7}} = 10967800 \times \left( \frac{1}{4} - \frac{1}{16} \right) z^2$$

$$\Rightarrow z = 1.8828 \approx 2 \quad [\therefore \text{পারমাণবিক সংখ্যা ধনাত্মক পূর্ণসংখ্যা}]$$


$$\therefore n_2 = 3 \text{ থেকে } n_1 = 2 \text{ তে ধাপান্তরের সময়, ইলেকট্রনের তরঙ্গদৈর্ঘ্য} = \lambda' \text{ হলে, } \frac{1}{\lambda'} = R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) z^2$$

$$\Rightarrow \frac{1}{\lambda'} = 10967800 \left( \frac{1}{4} - \frac{1}{9} \right) \times (2)^2 = 6093222.222 \text{ m}^{-1}$$

$$\therefore \lambda' = 1.64116 \times 10^{-7} \text{ m} = 164.116 \text{ nm}$$

$$\therefore \text{তরঙ্গদৈর্ঘ্যের পার্থক্য} = \lambda' - \lambda = (164.116 - 137.172) \text{ nm} = 26.944 \text{ nm}$$

02.



[Ctg.B'22]

(ঘ) উদ্দীপকের ইলেকট্রনটির 5 → 3 কক্ষপথে স্থানান্তরের ক্ষেত্রে প্রাপ্ত বর্ণালির প্রয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ – আলোচনা কর।

## সমাধান

ঘ. উদ্দীপকের ইলেকট্রনটির 5 → 3 কক্ষপথে স্থানান্তরের ক্ষেত্রে প্রাপ্ত বর্ণালির তরঙ্গদৈর্ঘ্য  $\lambda$  হলে,

আমরা জানি,

$$\begin{aligned} \frac{1}{\lambda} &= R_H \left( \frac{1}{n_L^2} - \frac{1}{n_H^2} \right) [z = 1] \\ &= R_H \left( \frac{1}{3^2} - \frac{1}{5^2} \right) = R_H \times \frac{16}{225} \\ \therefore \lambda &= \frac{225}{16R_H} = \frac{225}{16 \times 1.09678 \times 10^{-2}} \text{ nm} \\ &= 1282.16 \text{ nm} \end{aligned}$$

যেহেতু,  $780 \text{ nm} < \lambda < 2500 \text{ nm}$

$\therefore$  প্রাপ্ত বর্ণালিটি near – IR. চিকিৎসাক্ষেত্রে near – IR ব্যবহৃত হয়।

চিকিৎসাক্ষেত্রে near – IR রশ্মি:

near – IR রশ্মি প্রয়োগ করে মস্তিষ্কের রক্তের হিমোগ্লোবিনে শোষিত অক্সিজেন কতটুকু আছে তা পরিমাপের মাধ্যমে মস্তিষ্কের রোগ নির্ণয় করা হয়। পরে DOT (Diffuse optical tomography) পদ্ধতি ব্যবহার করে মাথার খুলির কার্যপদ্ধতি নির্ণয় করা যায়। সদ্য প্রসূত শিশুর মস্তিষ্কের ক্ষত নির্ণয়ে সিটি স্ক্যানিং কাজে এটি একটি কার্যকর পদ্ধতি।


এখানে,

$$n_L = 3$$

$$n_H = 5$$

$$R_H = 109678 \text{ cm}^{-1}$$

$$= 1.09678 \times 10^{-2} \text{ nm}^{-1}$$



[SB'22]

(গ) A এর মান নির্ণয় কর।

সমাধান

গ. উদ্দীপকে A এর ক্ষেত্রে,  $n_1 = 1$ ;  $n_2 = 2$


রিডবার্গের সমীকরণ থেকে আমরা জানি, তরঙ্গসংখ্যা  $\bar{\nu} = R_H \times Z^2 \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right)$

উদ্দীপকে কোন পরমাণু তা সঠিকভাবে উল্লেখ না করায় H-পরমাণু ধরে আমরা তরঙ্গদৈর্ঘ্য বের করব।

এখানে, রিডবার্গ ধ্রুবক,  $R_H = 1.09678 \times 10^7 \text{ m}^{-1}$

$$\therefore \bar{\nu} = R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) \Rightarrow \frac{1}{\lambda} = 1.09678 \times 10^7 \left( \frac{1}{1^2} - \frac{1}{2^2} \right) \Rightarrow \frac{1}{\lambda} = 1.09678 \times 10^7 \left( 1 - \frac{1}{4} \right)$$

$$\Rightarrow \frac{1}{\lambda} = 1.09678 \times 10^7 \left( \frac{3}{4} \right) \Rightarrow \lambda = 1.2157 \times 10^{-7} \text{ m} \therefore \lambda = 121.57 \text{ nm}$$



[BB'22]

(গ) উদ্দীপকের B-মডেলটি H-পরমাণুর হলে ইলেকট্রনের বিকিরিত রশ্মির কম্পাঙ্ক নির্ণয় কর।


সমাধান

গ. এখানে ইলেকট্রন ৩য় শক্তিস্তর হতে প্রথম শক্তিস্তরে ধাবিত হচ্ছে।

$\therefore$  এখানে,  $n_1 = 1$ ;  $n_2 = 3$

$$\text{কম্পাঙ্ক } \nu = \frac{c}{\lambda} = c \times \frac{1}{\lambda} = c \times R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) = 3 \times 10^8 \times 10967800 \left( \frac{1}{1^2} - \frac{1}{3^2} \right) = 2.92 \times 10^{15} \text{ Hz}$$

$\therefore$  নির্ণেয় কম্পাঙ্ক  $2.92 \times 10^{15} \text{ Hz}$



[JB'22]

(গ) উদ্দীপকের ইলেকট্রনটি C কক্ষপথ হতে B কক্ষপথে ধাপান্তরকালে বিকিরিত শক্তির পরিমাণ গণনা কর।

(ঘ) উদ্দীপক মতে অসীম দূরত্ব থেকে ইলেকট্রন B শেলে নেমে আসলে বিকীর্ণ শক্তি দৃশ্যমান হবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর

সমাধান

গ. কক্ষপথ C এর ক্ষেত্রে  $n_C = 3$

কক্ষপথ B এর ক্ষেত্রে  $n_B = 2$

$$\text{বিকিরিত শক্তির পরিমাণ } \Delta E = E_C - E_B = \frac{hc}{\lambda}$$

$$\Delta E = \frac{hc}{\lambda} = hc \times \frac{1}{\lambda} = hc \times R_H \times Z^2 \left( \frac{1}{n_B^2} - \frac{1}{n_C^2} \right)$$

$$= 6.626 \times 10^{-34} \times 3 \times 10^8 \times 10967800 \times 2^2 \times \left( \frac{1}{2^2} - \frac{1}{3^2} \right)$$

$$\Delta E = 1.21 \times 10^{-18} \text{ J} \therefore \text{নির্ণেয় বিকিরিত শক্তি } \Delta E = 1.21 \times 10^{-18} \text{ J}$$



বিকল্প:  $n_B = 2$  (B);  $n_C = 3$  (C)


$$\begin{aligned} \text{বিকিরিত শক্তি } \Delta E &= (E_C - E_B) = -2.18 \times 10^{-18} \times \frac{z^2}{n_C^2} - \left( -2.18 \times 10^{-18} \frac{z^2}{n_B^2} \right) \\ &= -2.18 \times 10^{-18} \times z^2 \times \left( \frac{1}{n_C^2} - \frac{1}{n_B^2} \right) = -2.18 \times 10^{-18} \times z^2 \times \left( \frac{1}{3^2} - \frac{1}{2^2} \right); \Delta E = 1.21 \times 10^{-18} \text{J} \end{aligned}$$

ঘ. ইলেকট্রনের প্রাথমিক অবস্থান  $n_2 = \infty$  নেমে আসার পর ইলেকট্রনের অবস্থান  $n_1 = 2$  (B)

$$\frac{1}{\lambda} = R_H \times z^2 \times \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) = 10967800 \times 2^2 \left( \frac{1}{2^2} - \frac{1}{\infty^2} \right) = 10967800 \times \frac{4}{4}$$

$$\lambda = \frac{1}{10967800} = 9.117 \times 10^{-8} \text{m বা, } 91.17 \text{ nm}$$

আমরা জানি, দৃশ্যমান রশ্মির তরঙ্গদৈর্ঘ্যের পরিসর (380nm – 780nm) ∴ বিকীর্ণ শক্তি দৃশ্যমান হবে না।



[CB'22]

(গ) উদ্দীপকের বিকিরিত রশ্মির তরঙ্গদৈর্ঘ্য হিসাব কর।

সমাধান

গ. ইলেকট্রনের প্রাথমিক অবস্থান  $n_2 = 4$

বিকিরনের পর অবস্থান  $n_1 = 1$


$$\frac{1}{\lambda} = R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) = 10967800 \left( \frac{1}{1^2} - \frac{1}{4^2} \right)$$

$$\frac{1}{\lambda} = 10282312.5$$

$$\lambda = 9.72 \times 10^{-8} \text{m বা } \lambda = 97.2 \text{ nm}$$

07. পরমাণুটির মডেল লক্ষ কর:

[MB'22]



(গ) উদ্দীপকের ইলেকট্রনটির ধাপান্তরের ফলে সৃষ্ট বিকিরণের তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর।


সমাধান

গ. এখানে, ইলেকট্রন M তথা ৩য় শক্তিস্তরের থেকে L তথা ২য় শক্তিস্তরে আসলে নির্গত শক্তি ও তরঙ্গদৈর্ঘ্য নিচে নির্ণয় করা হলো:

$$\text{আমরা জানি, } \frac{1}{\lambda} = R_H \left( \frac{1}{n_1^2} - \frac{1}{n_2^2} \right) \Rightarrow \frac{1}{\lambda} = 1.09678 \times 10^7 \left( \frac{1}{2^2} - \frac{1}{3^2} \right) = 1523305.556 \text{ m}^{-1}$$

$$\Rightarrow \lambda = 6.56467 \times 10^{-7} \text{m অর্থাৎ তরঙ্গদৈর্ঘ্য} = 6.56467 \times 10^{-7} \text{ m} = 656.467 \text{ nm}$$

08.



[Ctg.B'21]

(গ) উদ্দীপকের প্রদর্শিত ইলেকট্রন স্থানান্তরে বিকিরিত শক্তির পরিমাণ নির্ণয় কর।

(ঘ) উদ্দীপকে  $E_1$  ও  $E_2$  স্তরের মধ্যে কোনটির শক্তি বেশি? গাণিতিকভাবে ব্যাখ্যা কর।

সমাধান

গ.  $\frac{1}{\lambda} = 10967800 \left\{ \frac{1}{2^2} - \frac{1}{3^2} \right\} \therefore \lambda = 6.565 \times 10^{-7} \text{ m};$

শক্তি  $E = h \frac{c}{\lambda} = 3.028 \times 10^{-19} \text{ J}$


ঘ.  $E_1$  এর তুলনায়  $E_2$  এর শক্তি বেশি। কেননা  $E_2$  হতে  $E_1$  স্থানান্তরে ইলেকট্রন অতিরিক্ত শক্তি বিকিরণ করে। আবার  $E_1$  হতে  $E_2$  স্থানান্তরে ইলেকট্রন অতিরিক্ত শক্তি শোষণ করে।

$\frac{1}{\lambda} = 10967800 \left\{ \frac{1}{1^2} - \frac{1}{2^2} \right\}; \lambda = 1.2157 \times 10^{-7} \text{ m}$


এই শোষিত বা বিকিরিত শক্তির পরিমাণ,  $E = h \frac{c}{\lambda} = 1.636 \times 10^{-18} \text{ J}$

09.

[Ctg.B'21]



চিত্র: হাইড্রোজেনের বিকিরণ বর্ণালির উৎস।



(ঘ) উদ্দীপক (i) এ সিরিজ দুটির কোনটি দৃশ্যমান বর্ণালি প্রদর্শন করে – গাণিতিকভাবে মূল্যায়ন কর।

সমাধান


ঘ. ১ম সিরিজের ক্ষেত্রে,  $n_1 = 1; n_2 = 5$

